



সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

Sylhet Gas Fields Limited
(A Company of Petrobangla)

বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

গ্যাস জাতীয় সম্পদ। এর অপচয় রোধ
করে জাতীয় দায়িত্ব পালন করুন।

সূত্র নং-২৬.০২.৭২


তারিখ : ১১-১১-২০১৪

অফিস আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ০১ জুন ২০১১ খ্রিঃ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-০৪.২২২.০৪৫.০০.০১.০০৭.২০১০.৩১ মোতাবেক সকল সরকারি কাজে কম্পিউটারে বাংলা টাইপের ক্ষেত্রে ৫টি ইউনিকোড-৬.০ ফন্ট (নিকস, সোলায়মানলিপি, বৃন্দা, সুতনীওএমজে এবং মুক্তি) ব্যবহার নিশ্চিত করার নির্দেশনা রয়েছে। কিন্তু সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড এর সকল দাপ্তরিক কাজে পুরাতন ক্লাসিক ফন্ট (সুতনীএমজে ও সুলেখা) ব্যবহার করা হয় যা অনলাইনে কাজের অনুপযোগী।

এমতাবস্থায়, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড এর সকল দাপ্তরিক কাজ যেমন নোটিং ও চিঠিপত্র কম্পিউটারে বাংলা টাইপের ক্ষেত্রে সরকারি নির্দেশনা মোতাবেক বাংলা ইউনিকোড-৬.০ ফন্ট (নিকস, সোলায়মানলিপি, বৃন্দা, সুতনীওএমজে এবং মুক্তি) ব্যবহার করার জন্য কোম্পানীর সংশ্লিষ্ট সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/ফিল্ড/স্থাপনা/উন্নয়ন প্রকল্পসমূহকে অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ অফিস আদেশ জারী করা হলো।


১১/১১/২০১৪
(মোঃ শওকত আলম কাদরী)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

অনুলিপি :

- মহাব্যবস্থাপক (হি ও অ)/(পি এন্ড ডি)/(অপারেশন)/(কোম্পানী সচিব)/(টিএস)/(এলপিএম)।
- উপ-মহাব্যবস্থাপক()।
- প্রকল্প পরিচালক ()।
- উপ-ব্যবস্থাপক (আইসিটি), কোম্পানীর ওয়েবসাইটে প্রচারের জন্য।
- নথি।

সদয় অবগতির জন্যঃ

- ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল।